গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।
www.dakshinsurma.syhet.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## জুন/২০২৩ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| তারিখ ও সময় | : ১১/০৬/২০২৩, দুপুর ০৩.০০ ঘটিকা |
| স্থান | : উপজেলা পরিষদের সভা কক্ষ |
| উপস্থিত ও অনুপস্থিতি | : পরিশিষ্ট ''ক'' |
| উপদেষ্টা | : জনাব হাবিবুর রহমান, মাননীয় সংসদ সদস্য-২৩১, সিলেট-৩ । |
| সভাপতি | : জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট । |

সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যবিবরণী পাঠসহ সভার কার্যক্রম সমন্বয় করার অনুরোধ জানানো হয়। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

গত সভার কার্যবিবরণীতে কোন আপত্তি/সংশোধনী না থাকায় এপ্রিল/২০২৩ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। **স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ)**: মে/২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী সকল ইউ/পি হতে পাওয়া গেছে।

সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে অন্ততঃ একবার সাধারণ সভা করে সভার কার্যবিবরণী চৌদ্দ দিনের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : ইউনিয়ন চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

০২। **প্রকৌশল বিভাগ (এলজিইডি)**: উপজেলা প্রকৌশলী তাঁর বিভাগীয় কার্যক্রমের তথ্যাদি নিম্নে উপস্থাপন করেন।

প্রস্তাব-১: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে'' উপজেলা উন্নয়ন সহায়তা'' থোক বরাদ্দের অনগ্রসর উপজেলা বিবেচনায় মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ'' বাবদ দক্ষিণ সুরমা উপজেলায় ১৫,০০,০০০.০০ টাকা পাওয়া গিয়েছে এবং ৪র্থ কিস্তির অতিরিক্ত ২,৬৬,২৬১.৭৫ টাকা সহ মোট=১৭,৬৬,২৬১.৭৫ টাকা বিগত ২৯-০৫-২০২৩ ইং তারিখে প্রকল্প বাছাই কমিটির মাধ্যমে নিম্নে উল্লেখিত স্কীম সমূহ বাছাই করা হয়েছে যা ৫নং কলামে উল্লেখিত প্রক্রিয়া অবলম্বনের প্রস্তাব করেন।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | প্রকল্পের নাম | পরিমাণ(টাকা) | মাধ্যম |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | মোল্লারগাঁও | খানুয়া হাজী সোয়াব মিয়ার বাড়ির সামন হইতে মৃত মনাফ মিয়ার বাড়ির সামনের রাস্তা গার্ডওয়াল নির্মাণ। | ১৯০০০০.০০ | কোটেশন |
| ২ | সিলাম | সিলাম হাতিরখালের পাশে (RHD) রাস্তা হইতে ফুরকান শাহ মাজার পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। | ২০০০০০.০০ | কোটেশন |
| ৩ | লালাবাজার | আরএইচডি মেইন সড়ক হইতে একানন্দি টিল্লাবাড়ি পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। | ২০০০০০.০০ | কোটেশন |
| ৪ | তেতলি | বলদী মুতির দোকানের খাল হইতে বলদী কেন্দ্রীয় জামে মসজিদের সামন পর্যন্ত ড্রেন নির্মাণ। | ১৯০০০০.০০ | কোটেশন |
| ৫ | মোগলাবাজার | আরএইচডি মেইন সড়ক হইতে পূর্ণাখলা গ্রামের রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। | ১৯০০০০.০০ | কোটেশন |
| ৬ | দাউদপুর | পূর্ব দাউদপুর মাঝপাড়া দিলদার আলীর বাড়ির সামন হইতে মকদ্দছ আলীর বাড়ির সামন পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। | ১৫০০০০.০০ | কোটেশন |
| ৭ | কামালবাজার | জনমঙ্গল এলজিইডি রাস্তা হইতে পুরানগাঁও রাস্তা সিসি ঢালাই দ্বারা উন্নয়ন। | ১৯০০০০.০০ | কোটেশন |
| ৮ | জালালপুর | হাসামপুর (ধরপাড়া) সফর আলীর বাড়ির সামন হইতে বশির মিয়ার স'মিল পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। | ১৯০০০০.০০ | কোটেশন |
| ৯ | মোগলাবাজার | দক্ষিণ সুরমা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ আগত সেবা প্রার্থীদের সুবিধার্থে বাইক পার্কিং সেড নির্মাণ ও গার্ডেন ওয়াল নির্মাণ। | ২০০০০০.০০ | পিআইসি |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | দাউদপুর | দাউদপুর ইউনিয়নের রেঙ্গা আশুগঞ্জ নিম্ন মাধ্যমিক উচ্চ বিদ্যালয়ের ৭ম ও অষ্টম শ্রেণী কক্ষের ফ্লোর ঢালাই কাজ। | ৬৬২৬১.৭৫ | পিআইসি |
| | | মোট= | ১৭৬৬২৬১.৭৫ | |
| | | কথায়ঃ সতের লক্ষ ছেষট্টি হাজার দুইশত একষট্টি টাকা পঁচাত্তর পয়সা মাত্র | | |

সিদ্ধান্ত-১: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। অল্প সময়ের মধ্যে টেন্ডার পদ্ধতির মাধ্যমে কাজ বাস্তবায়ন করা সম্ভব নয় বিধায় উপরে উল্লেখিত স্কীম সমূহ কোটেশন এবং পিআইসি কমিটির মাধ্যমে স্কীমসমূহ বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। পিআইসি কমিটি পরিশিষ্টঃ ''খ''তে উল্লেখিত হয়েছে।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-২: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, দক্ষিণ সুরমা উপজেলাধীন ধরগাঁও গ্রাম-রাগীব রাবেয়া কলেজ সড়কে ১৭০মিঃ এবং ৪২০মিঃ চেইনেজে অবস্থিত Existing Damaged কালভার্ট নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সিলেট মহোদয়ের ৪৬.০২.৯১০০.০০০.১৮.০০১.২২-১২৭২ তারিখঃ ১২-০৪-২০২৩ ইং তারিখের পুরাতন কালভার্ট নিলামের অনুমতি এবং প্রাক্কলন অনুমোদনের প্রেক্ষিতে কালভার্ট দুটি কেটেশনের মাধ্যমে নিলাম করা হয়। সর্বোচ্চ কোটেশন মূল্য বাবদ=১৫,৯৭২.২৪টাকা সরকারী নীতিমালা অনুযায়ী ভ্যাট ও আয়কর কর্তনসহ সরকারী কোষাগারে (কোড নং-১-৩৭৩১-০০০০-২৩৭১) জমা প্রদান করা হয় মর্মে তিনি সভায় অবহিত করেন।

প্রস্তাব-৩: উপজেলা পরিষদের সম্মানিত উপদেষ্টা মাননীয় সংসদ সদস্য-২৩১, সিলেট-৩ মহোদয় সভায় উপজেলা রাজস্ব উদ্বৃত্ত খাত হতে দক্ষিণ সুরমা উপজেলায় নিম্নবর্ণিত প্রকল্পগুলো নেওয়ার প্রস্তাব করেন।

১। উপজেলার ৮টি ইউনিয়নে ০৮টি মিনি পার্ক নির্মাণ।
২। উপজেলার জালালপুর ইউনিয়নে ০১টি বড় পার্ক নির্মাণ।
৩। উপজেলার ০৪টি ইউনিয়নে ০৪টি খেলার মাঠ নির্মাণ।
৪। ০২টি পাঠাগার স্থাপন।

সিদ্ধান্ত-৩: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। সম্ভাব্যতা যাচাই এবং সম্ভাব্য ব্যয় নির্ধারণ করতঃ পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৪: চেয়ারম্যান ০১নং মোল্লারগাঁও ইউপি সভায় জানান যে, বিগত ১৪-০২-২০২৩ ইং তারিখের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীর পরিশিষ্ট ''খ'' এডিপির তালিকার ১৯নং প্রকল্প মোল্লারগাঁও ইউনিয়নের ২নং ওয়ার্ডের জালালাবাদ দ্বিপাক্ষিক উচ্চ বিদ্যালয়ের সামনে ড্রেন নির্মাণ কাজ বর্ষাকাল হওয়ায় করা সম্ভব হচ্ছে না। তিনি উক্ত প্রকল্পটি পরিবর্তন করে কামাল বাজার রোড হতে জালালাবাদ দ্বিপাক্ষিক উচ্চ বিদ্যালয়ের চারতলা নতুন ভবন পর্যন্ত রাস্তা সিসি ঢালাই কাজ প্রকল্পটি বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন।

সিদ্ধান্ত-৪: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। ১৪-০২-২০২৩ ইং তারিখের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীর পরিশিষ্ট ''খ'' এডিপির তালিকার ১৯নং প্রকল্প "মোল্লারগাঁও ইউনিয়নের ২নং ওয়ার্ডের জালালাবাদ দ্বিপাক্ষিক উচ্চ বিদ্যালয়ের সামনে ড্রেন নির্মাণ" এর পরিবর্তে চেয়ারম্যান মোল্লারগাঁও ইউপি কর্তৃক উপস্থাপিত "কামাল বাজার রোড হতে জালালাবাদ দ্বিপাক্ষিক উচ্চ বিদ্যালয়ের চারতলা নতুন ভবন পর্যন্ত রাস্তা সিসি ঢালাই" প্রকল্পটি টাকার অংক অপরিবর্তিত রেখে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৫: চেয়ারম্যান কামালবাজার ইউপি সভায় জানান যে, বিগত ১৪-০২-২০২৩ ইং তারিখের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীর পরিশিষ্ট ''খ'' এডিপির তালিকার ১নং ও ২নং প্রকল্পের নাম পরিবর্তন করে যথাক্রমে কামালবাজার ইউনিয়নের ধরগাঁও গ্রামের সড়ক প্রশস্ত করণের জন্য পূর্ত কাজ (১ম অংশ) ও কামালবাজার ইউনিয়নের ধরগাঁও গ্রামের সড়ক প্রশস্ত করণের জন্য পূর্ত কাজ (২য় অংশ) করার প্রস্তাব করেন।

সিদ্ধান্ত-৫: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। বিগত ১৪-০২-২০২৩ ইং তারিখের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীর পরিশিষ্ট ''খ'' এডিপির তালিকার ১নং ও ২নং প্রকল্পের নাম পরিবর্তন করে যথাক্রমে কামালবাজার ইউনিয়নের ধরগাঁও গ্রামের সড়ক প্রশস্ত করণের জন্য পূর্ত কাজ (১ম অংশ) ও কামালবাজার ইউনিয়নের ধরগাঁও গ্রামের সড়ক প্রশস্ত করণের জন্য পূর্ত কাজ (২য় অংশ) নামে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৬: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, (ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট মহোদয় কর্তৃক ব্যবহৃত ল্যাপটপের চার্জার ও ব্যাটারী ক্রয় বাবদ ৪,৮০০/- (চার হাজার আটশত) টাকা প্রয়োজন।

(খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট মহোদয়ের জীপ গাড়ি মেরামত বাবদ এপ্রিল/২০২৩ মাসে ৭,১৫০/- (সাত হাজার একশত পঞ্চাশ) টাকা টাকা খরচ হয়েছে।

(গ) হিসাব নং-১১৪-২২০০ এর বিদ্যুৎ বিল বাবদ ৬,৫০৩/- (ছয় হাজার পাঁচশত তিন) টাকা প্রয়োজন।

সিদ্ধান্ত-৬: (ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট মহোদয় কর্তৃক ব্যবহৃত ল্যাপটপের চার্জার ও ব্যাটারী ক্রয় বাবদ ৪,৮০০/- (চার হাজার আটশত) টাকা রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট মহোদয়ের জীপ গাড়ি মেরামত বাবদ এপ্রিল/২০২৩ মাসে ৭,১৫০/- (সাত হাজার একশত পঞ্চাশ) টাকা রাজস্ব তহবিলের যানবাহন মেরামত খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) হিসাব নং-১১৪-২২০০ এর বিদ্যুৎ বিল বাবদ ৬,৫০৩/- (ছয় হাজার পাঁচশত তিন) টাকা রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৭: উপজেলা প্রকৌশলী সভায় ১৪৩০-১৪৩২ বাংলা সনের জন্য ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল ইজারা বিজ্ঞপ্তির বিল উপস্থাপন করেন:-

| বিল নং ও তাং | পত্রিকার নাম | দাখিলকৃত বিল | ভ্যাট ১৫% | আয়কর ৩% | সার্ভিস চার্জ ২% | মোট |
|---|---|---|---|---|---|---|
| ০২(০৫)২৩<br>০৭/০৫/২৩ | দৈনিক শ্যামল সিলেট | ২৬,০৬৪/- | ২,০০৯/- | ৭৮২/- | ৫২২/- | ২৯,৩৭৭/- |

সিদ্ধান্ত-৭: উপজেলা প্রকৌশলী কর্তৃক উত্থাপিত ১৪৩০-১৪৩২ বাংলা সনের জন্য ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল ইজারা বিজ্ঞপ্তির পত্রিকা বিল বাবদ সর্বমোট =২৯,৩৭৭/- টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৮: উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট সভায় অবহিত করেন যে, এ উপজেলাধীন মোল্লারগাঁও ও মোগলাবাজার ইউনিয়নে দফাদারের শূণ্য পদে জনাব দলা মিয়া, মোল্লারগাঁও ইউনিয়ন ও জনাব মো: আফতাব আলী, মোগলাবাজার ইউনিয়ন কে পদোন্নতি প্রদান করা হয়েছে। ইউনিয়ন চেয়ারম্যানগণ জানান যে, বিভিন্ন ইউনিয়নে মহল্লাদারের শূণ্য পদ রয়েছে। পদগুলো পূরণ করা জরুরী।

সিদ্ধান্ত-৮: বিভিন্ন ইউনিয়নে মহল্লাদারের শূণ্য পদ পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৯: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের উন্নয়ন বাজেটে'' ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা'' খাতের আওতায় ইউনিয়নের অনগ্রসরতা, প্রাকৃতিক দূর্যোগ এবং কোভিড-১৯ মোকাবেলায় মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ'' বাবদ দক্ষিণ সুরমা উপজেলায় ১৭,০০,০০০.০০ টাকা পাওয়া গিয়েছে। নিম্নে উল্লেখিত স্কীম সমূহ বাছাই করা হয়েছে, যা ৫নং কলামে উল্লেখিত প্রক্রিয়া অবলম্বনের প্রস্তাব করেন।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | প্রকল্পের নাম | পরিমাণ(টাকা) | মাধ্যম |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | মোল্লারগাঁও | ছনুপাড়া গ্রামের সুরমান আলীর বাড়ির সামন হতে মনতাজ আলীর বাড়ি পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। | ১৮৫০০০.০০ | কোটেশন |
| ২ | মোল্লারগাঁও | সঈদপুর গ্রামের দক্ষিণের রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। | ১১০০০০.০০ | কোটেশন |
| ৩ | তেতলি | পুরান তেতলী ফকির আহসান উদ্দিনের বাড়ির রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। | ১৫০০০০.০০ | কোটেশন |
| ৪ | তেতলি | ধরাধরপুর এলজিইডি রাস্তা হতে ছালিক ও কয়েছ আহমদ গংদের বাড়ির রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। | ১১০০০০.০০ | কোটেশন |
| ৫ | কামালবাজার | মুন্সিরগাঁও মেইন রাস্তা হতে মখন মিয়ার বাড়ির সম্মুখ পর্যন্ত রাস্তা সিসি সিসি দ্বারা উন্নয়ন। | ১৫০০০০.০০ | কোটেশন |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | সিলাম | আরএইচডি তেলিপাড়া-সিরাজ মিয়া গংদের বাড়ি পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। | ১০০০০০.০০ | কোটেশন |
| ৭ | সিলাম | সিলাম পশ্চিমপাড়া সওদাগড় বাড়ির রাস্তা সিসি ঢালাই দ্বারা উন্নয়ন। | ১৫০০০০.০০ | কোটেশন |
| ৮ | লালাবাজার | ৪নং ওয়ার্ডের খাল পাড় গ্রামের জিলা গংদের বাড়ি হতে মসজিদ পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। | ১৯০০০০.০০ | কোটেশন |
| ৯ | জালালপুর | ২নং ওয়ার্ড সেনগ্রামের জনাব মিজবাউর রহমান এর বাড়ির সামন হতে জনাব তোয়াহিদ মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। | ২০০০০০.০০ | কোটেশন |
| ১০ | মোগলাবাজার | ধরমপুর ইটসলিং রাস্তা হতে মৃত ডা. উপেন্দ্র কুমার দাশ গংদের বাড়ির রাস্তা সিসি ঢালাই দ্বারা উন্নয়ন। | ১৮০০০০.০০ | কোটেশন |
| ১১ | দাউদপুর | এলজিইডি রাস্তার মুখ হতে ইট সলিং রাস্তার মুখ হতে উত্তম দাশ গংদের বাড়ির অসম্পূর্ণ রাস্তায় সিসি ঢালাই। | ১৭৫০০০.০০ | কোটেশন |
| | | মোট= | ১৭০০০০০.০০ | |
| | | কথায়ঃ সতের লক্ষ টাকা মাত্র | | |

সিদ্ধান্ত-৯: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। অল্প সময়ের মধ্যে টেন্ডার পদ্ধতির মাধ্যমে কাজ বাস্তবায়ন করা সম্ভব নয় বিধায় উপরে উল্লেখিত স্কীম সমূহ কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

০৩। **প্রকল্প বাস্তবায়ন বিভাগ :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট জানান যে, অল্প দিনের মধ্যে ভিজিএফ এর বরাদ্দ পাওয়া যাবে। সেজন্য ইউনিয়ন চেয়ারম্যানদের তালিকা প্রস্তুতের জন্য অনুরোধ করেন।

০৪। **স্বাস্থ্য বিভাগ :** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

০৫। **পরিবার পরিকল্পনা বিভাগ :** অনুপস্থিত।

০৬। **কৃষি বিভাগ :** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

০৭। **প্রাণি সম্পদ বিভাগ :** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

০৮। **মৎস্য বিভাগ :** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, বিল নার্সারিতে রেনু মজুদ করা হয় এবং নমুনায়ন সম্পন্ন করা হয়। এছাড়া মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট, অভিযান এবং সচেতনতা মূলক সভা করা অব্যাহত রয়েছে।

০৯। **শিক্ষা বিভাগ :** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১০। **মাধ্যমিক শিক্ষা বিভাগ:** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১১। **সমাজসেবা বিভাগ:** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১২। **সমবায় বিভাগ:** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১৩। **মহিলা বিষয়ক বিভাগ :** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১৪। **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১৫। **পল্লী উন্নয়ন বিভাগ :** অনুপস্থিত।

১৬। **যুব উন্নয়ন বিভাগ :** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১৭। **বিবিধ : (ক) জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত :** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মন্ত্রী পরিষদ বিভাগের সিভিল রেজিস্ট্রেশন অধিশাখার ৫ জানুয়ারি ২০২১ তারিখের ০০৬ নম্বর স্মারকে বাংলাদেশ সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্টাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য নির্দেশনা রয়েছে। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করা হয়।

সিদ্ধান্ত: বাংলাদেশ সিভিল রেজিষ্ট্রেশন এন্ড ভাইটাল স্টাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য ইউপি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: নিয়মিত মাসিক প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: ইউপি চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

**(খ) রেঙ্গা হাজীগঞ্জ বাজার ১৪৩০ বাংলা সনের জন্য ইজারা প্রদান সংক্রান্ত: :** উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, বিগত ১০/০৪/২০২৩ তারিখের উপজেলা পরিষদের বিশেষ সভার সিদ্ধান্তের আলোকে রেঙ্গা হাজীগঞ্জ হাটটি ১৪৩০ বাংলা সনের জন্য কাঙ্খিত সরকারি ইজারামূল্যের চেয়ে কমমূল্যে অর্থাৎ ৮,৫০,০০০/- টাকায় ইজারা প্রদানের জন্য জেলা প্রশাসক, সিলেট মহোদয় বরাবর প্রস্তাবসহ প্রতিবেদন প্রেরণ করা হলে জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর ১৫ মে ২০২৩ তারিখের ০৫.৪৬.৯১০০.০০৯.৩৬. ০০২.১৬.১৭৫ নম্বর স্মারকে সংশ্লিষ্ট দরপত্র দাতা জনাব আনোয়ার হোসেন (উনু) এর অনুকূলে বিধি মোতাবেক ইজারা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনার আলোকে সংশ্লিষ্ট ইজারাদার কর্তৃক ইজারামূল্যের সমুদয় অর্থ (৫% জামানতসহ), ভ্যাট ও আয়কর জমা প্রদান করায় বিধি মোতাবেক ইজারাদারকে ১৪৩০ বাংলা সনের ৩০ শে চৈত্র পর্যন্ত দখলদেহী প্রদানের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। তিনি বিষয়টি সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত: জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর উপস্থাপিত পত্রের নির্দেশনা মোতাবেক এবং সরকারি হাটবাজার সমূহের ব্যবস্থাপনা ও উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সংক্রান্ত নীতিমালা, ২০১১ অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

**(গ) দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেট সংক্রান্ত :** চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট সভাকে অবহিত করেন যে, ০৩.০৫.২০২৩ খ্রি: তারিখে উপজেলা পরিষদের সভা কক্ষে দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেট নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। তিনি রাজস্ব ও উন্নয়ন তহবিলের আয়-ব্যয়ের খাতসহ বাজেটের সবগুলো বিষয় নিয়ে সভায় আলোচনা করেন। এ পর্যায়ে দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেট অনুমোদনের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করা হয়।

সিদ্ধান্ত: দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

বাস্তবায়নে: চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

**উপদেষ্টা মহোদয়ের বক্তব্য :** জনাব হাবিবুর রহমান , মাননীয় সংসদ সদস্য-২৩১, সিলেট-৩ বক্তব্যের শুরুতে উপস্থিত সকলকে সালাম, আদাব ও শুভেচ্ছা জানান। সিলেট-৩ আসনের প্রত্যেক উপজেলায় বিশেষ বরাদ্দ দেয়ার জন্য তিনি মাননীয় মন্ত্রী মহোদয়কে ধন্যবাদ জানান। তিনি বলেন মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা রয়েছে প্রত্যেক ইউনিয়নে একটি করে খেলার মাঠ ও পার্ক করার। সেজন্য তিনি দক্ষিণ সুরমা উপজেলার আটটি ইউনিয়নে উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত্ত) হতে মাঠ ও পার্ক করার জন্য প্রস্তাব করেন। তাছাড়া উপজেলা কমপ্লেক্স এর মূল ফটকের উত্তর পার্শ্বে অব্যবহৃত ভবনে সোনালী ব্যাংক, ক্যান্টিন ও লাইব্রেরী করার পরামর্শ দেন। তিনি বলেন সকলে মিলে দক্ষিণ সুরমাকে একটি নান্দনিক উপজেলায় পরিণত করতে হবে।

**সভাপতি মহোদয়ের সমাপনী বক্তব্য :** জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট অদ্যকার সভায় উপস্থিত থাকার জন্য মাননীয় সংসদ সদস্য, উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, ইউ/পি চেয়ারম্যানগণ, সদস্যবৃন্দ এবং সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের গত মাসের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন। এডিপির কাজ দ্রুত বাস্তবায়নের জন্য তিনি আবারও সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে এবং জয় বাংলা বলে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ আবু জাহিদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং- ০৫.৪৬.৯১৩১.০০০.৪০.০১২.২৩.৫০১/১ তারিখঃ ১১ জুন, ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সিলেট।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
৭। নির্বাহী প্রকৌশলী ....................................................................................................সিলেট।
৮। উপ-পরিচালক ..........................................................................................................সিলেট।
৯। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১০। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১১। উপজেলা ........................................................................কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।
১২। সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট (পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১৩। চেয়ারম্যান ...........................................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।
১৪। জনাব/বেগম.................................. সদস্য...........................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

নূসরাত লায়লা নীরা
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট।
ফোন: ০২৯৯৬৬৪৬৯১

পরিশিষ্ট "ক" সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা: স্বাক্ষরের ক্রমানুসারে

| উপস্থিত জনপ্রতিনিধিঃ | অনুপস্থিত জনপ্রতিনিধিঃ |
|---|---|
| ১। মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩।<br>২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। চেয়ারম্যান, ০১নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। চেয়ারম্যান, ৩নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৭। চেয়ারম্যান, ৫নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৮। চেয়ারম্যান, ৭নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৯। চেয়ারম্যান, ৮নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>১০। চেয়ারম্যান, ৯নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>১১। চেয়ারম্যান, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | ১। চেয়ারম্যান, ৬নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট |
| উপস্থিত কর্মকর্তাঃ | অনুপস্থিত কর্মকর্তাঃ |
| ১। উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা,সিলেট<br>৭। উপজেলা শিক্ষা অফিসারের, দক্ষিণ সুরমা,সিলেট<br>৮। উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৯। উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১১। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট<br>১২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | ১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা ,সিলেট |

## পরিশিষ্ট ''খ''

প্রকল্পের নাম : দক্ষিণ সুরমা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সৌন্দর্য বর্ধন কাজ ও সুপেয় পানির ব্যবস্থা।
বরাদ্দকৃত অর্থ : ২০০০০০.০০ ( দুই লক্ষ) টাকা মাত্র।

| ক্রমিক | নাম | পিতা/স্বামীর নাম | ঠিকানা | পিআইসির পদবী |
|---|---|---|---|---|
| ১ | শাহ ওলিদুর রহমান | শাহ আতিকুর রহমান | শেখপাড়া, সিলাম, দক্ষিণ দক্ষিণ সুরমা, সিলেট। | চেয়ারম্যান |
| ২ | মোঃ রহুল ইসলাম | আব্দুল মতিন | নৈখাই, খালোমুখ, দক্ষিণ সুরমা, সিলেট। | সেক্রেটারী |
| ৩ | মোঃ আহমদ আলী | মোঃ মশারফ আলী | নিজ সিলাম, সিলাম, দক্ষিণ সুরমা, সিলেট। | সদস্য |
| ৪ | মোঃ সাইফুল আলম | হাজী ফারুক আহমদ | খড়ারিয়া, সিলাম, দক্ষিণ সুরমা, সিলেট। | সদস্য |
| ৫ | মোহাম্মদ আলতাব হোসেন | রকিব আলী | খালোমুখ, দক্ষিণ সুরমা, সিলেট। | সদস্য |
| ৬ | মোহাম্মদ আলতাব | রকিব আলী | খালোমুখ, দক্ষিণ সুরমা, সিলেট। | সদস্য |
| ৭ | মোঃ এজাজ আহাম্মদ | মোঃ গিয়াস উদ্দিন | নৈখাই, খালোমুখ, দক্ষিণ সুরমা, সিলেট। | সদস্য |

প্রকল্পের নাম : দাউদপুর ইউনিয়নের রেঙ্গা আশুগঞ্জ নিম্ন মাধ্যমিক উচ্চ বিদ্যালয়ের শ্রেণীকক্ষের ফ্লোর ঢালাই কাজ।
বরাদ্দকৃত অর্থ : ৬৬২৬১.৭৫ (ছেষট্টি হাজার দুইশত একষট্টি টাকা পঁচাত্তর পয়সা) মাত্র।

| ক্রমিক | নাম | পিতা/স্বামীর নাম | ঠিকানা | পিআইসির পদবী |
|---|---|---|---|---|
| ১ | আইরিন রহমান কলি | স্বামী-শাহেল চৌধুরী | চরমোহাম্মদপুর, দক্ষিণ সুরমা, সিলেট। | চেয়ারম্যান |
| ২ | আব্দুল আহাদ | মৃত আনফর আলী | রাউদকান্দি, দক্ষিণ সুরমা, সিলেট। | সেক্রেটারী |
| ৩ | ফখর উদ্দীন | মরহুম নূর মিয়া | রাউদকান্দি, দক্ষিণ সুরমা, সিলেট। | সদস্য |
| ৪ | মনসুর আহমদ চৌধুরী | জয়নাল আবেদীন চৌধুরী | তুরুকখলা, দক্ষিণ সুরমা, সিলেট। | সদস্য |
| ৫ | মোছাঃ রিপা বেগম | মোঃ মকদ্দছ আলী | রাউদকান্দি, দক্ষিণ সুরমা, সিলেট। | সদস্য |
| ৬ | মাসউদ আহম্মদ | খালেদ আহমদ | সিকন্দরপুর, দক্ষিণ সুরমা, সিলেট। | সদস্য |
| ৭ | জুয়েল আহমদ | চুনু মিয়া | সিকন্দরপুর, দক্ষিণ সুরমা, সিলেট। | সদস্য |

নূসরাত লায়লা নীরা
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট

মোহাম্মদ আবু জাহিদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট